

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯২.২০১৬- ৫৩৭

তারিখঃ ২৫ অক্টোবর ২০১৬
২০.১০.২০১৬

আদেশ

যেহেতু, মরহুম ডাঃ সৈয়দ তৌহিদ হাসান (৪০৪০৯), প্রাক্তন সিনিয়র কনসালটেন্ট, চক্ষু, আধুনিক সদর হাসপাতাল, ঠাকুরগাঁও গত ২৫.১১.২০১৪ হতে ২৩.০৫.২০১৫ পর্যন্ত এবং গত ০১.০৬.২০১৬ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিনুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) (বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি) মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনয়মতিতে কর্মস্থলে অপস্থিতি' এর দায়ে ১৬.০৮.২০১৬ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯২.২০১৬-৫৮৮ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেননি এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেননি;


যেহেতু, তিনি ১০.১২.২০১৬ তারিখে চাকরিতে থাকাকালীন অবস্থায় ইচ্ছেকাল করেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগটি স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) ১৯.০৭.২০১৬ তারিখের স্বাক্ষরে মন্ত্রণালয়ে প্রাপ্ত হয়;

সেহেতু, মরহুম ডাঃ সৈয়দ তৌহিদ হাসান (৪০৪০৯), প্রাক্তন সিনিয়র কনসালটেন্ট, চক্ষু, আধুনিক সদর হাসপাতাল, ঠাকুরগাঁও গত ১০.১২.২০১৬ তারিখে চাকরিতে থাকাকালীন অবস্থায় ইচ্ছেকাল করায় এর বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। তার অনুপস্থিতকালীন সময় ২৫.১১.২০১৪ হতে ২৩.০৫.২০১৫ তারিখ পর্যন্ত ৫ মাস ১৮ দিন এবং ০১.০৬.২০১৬ হতে ১৯.০৭.২০১৬ তারিখ পর্যন্ত ১ মাস ১৮ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি সঞ্চার করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তাকে এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

তারিখঃ ২০.১০.২০১৬

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯২.২০১৬- ৫৩৭/১(২২)

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপসচিব (পার-১/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক, আধুনিক সদর হাসপাতাল, ঠাকুরগাঁও।
- ৬। সিভিল সার্জন, ঠাকুরগাঁও।
- ৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ঠাকুরগাঁও।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১০। সিনিয়র তত্ত্ব কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। মরহুম ডাঃ সৈয়দ তৌহিদ হাসান (৪০৪০৯), প্রাক্তন সিনিয়র কনসালটেন্ট, চক্ষু, আধুনিক সদর হাসপাতাল, ঠাকুরগাঁও এর পক্ষে শ্রী ওয়াহিদা হাসান, হোল্ডিং-১০২, রাস্তা-৭, মোহাম্মাদী হাউজিং লিঃ, মোহাম্মাদপুর, ঢাকা।
- ১২। অফিস কপি।


মোঃ আবদুল্লাহ সালাম
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

disc@hds.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শুঞ্জলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৫.২০১৯-০৬৬

তারিখঃ

২৫ জানুয়ারি ২০১৯

২০.১০.২০১৯

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ মুমিনুল হক (১০৮১৭৭), সিভিল সার্জন, নওগাঁ “বাধন ইন্টারন্যাশনাল সার্ভিস লিমিটেড NGO এর সাথে যোগসাজসে জেলার বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে অবৈধভাবে ৯০(নব্বাই) জন অফিস সহায়ক পদে জনবল নিয়োগের প্রক্রিয়ায় সহযোগিতা করেছেন”, যা কোনভাবেই আইনসম্মত নয় বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে ০৭.০৮.২০১৯ তারিখের ৪৫.০০.০০০০.১২২.২৭.০৯২.১৯-৪৫৬ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;


যেহেতু, গত ১২.০৯.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ নাহিদ চৌধুরী (১৩১৩৯৬) ব্যক্তিগত শুনানীতে সম্মোহনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ আংশিক প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দত্ত পাওয়ার যোগ্য;

যেহেতু, ডাঃ মোঃ মুমিনুল হক, সিভিল সার্জন, নওগাঁ এর সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর অভিযোগ আংশিক প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালা ৪(২)(খ) বিধি অনুযায়ী তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০১ (এক) বৎসরের জন্য স্থগিত করার দত্ত আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে


মোঃ আসাদুল ইসলাম
সচিব

তারিখঃ ২০.১০.২০১৯

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৫.২০১৯-০৬৬/১০০
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিতে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপপরিচালক (শুঞ্জলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। সিভিল সার্জন, নওগাঁ।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শুঞ্জলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নওগাঁ।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ডাঃ মোঃ মুমিনুল হক (১০৮১৭৭), সিভিল সার্জন, নওগাঁ।
- ১০। অফিস কপি।


মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd